



ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি IQBAL SIDDIQUEE EDUCATION SOCIETY

(A non-profitable organisation approved by the government)

Reg.No.5 8072 (93)

Nayanpur, Rajendrapur Cantonment, Gazipur Sadar, Gazipur. E-Mail: iq.siddiquee@gmail.com

Phone: 02 996695800

অফিস আদেশ নং- আইএসইএস/ ৫২ / ২০২২

তারিখ: ২রা জুলাই ২০২২

অফিস আদেশ

নিয়মবহির্ভূতভাবে দ্বাদশ শ্রেণির যমুনা-১ শাখার দুইজন শিক্ষার্থীর টিউশন ফি ২২,১০০/- ('বাইশ হাজার একশ' টাকা) দীর্ঘদিন নিজের কাছে রাখার অভিযোগে প্রভাষক জনাব মো. আশরাফুল আলমকে (আইডি ২০১৯২২৮) এক মাসের জন্য সাময়িক অব্যাহতি প্রদান করা হলো। ইতোপূর্বে তিনি ১৬ই অক্টোবর ২০২১ তারিখে প্রাতিষ্ঠানিক কর্মঘণ্টার মধ্যে ক্যাম্পাসে ব্যক্তিগত টিউশন করানো এবং ১লা নভেম্বর ২০২১ তারিখের এইচএসসি প্রস্তুতিমূলক পরীক্ষা ২০২১/২ এর অর্থনীতি দ্বিতীয় পত্রের প্রশ্নপত্রে অসংখ্য ভুল করার অভিযোগে এক মাসের সাময়িক অব্যাহতি প্রাপ্ত হন এবং কারণ দর্শানোর নোটিশের জবাবে ক্ষমা প্রার্থনা করেন। এছাড়াও নিম্নোক্ত অপরাধসমূহ তার দ্বারা সংঘটিত হয়-

ক. ২২শে অক্টোবর ২০১৯ তারিখে দ্বাদশ শ্রেণির মানবিক শাখার শিক্ষার্থীদের দৈনিক শাস্তি প্রদান করা

খ. ৫ই অক্টোবর ২০২০ তারিখে নির্ধারিত সময়ে অনলাইন শ্রেণি কার্যক্রম শুরু না করা

গ. এইচএসসি ২০২১ এর পরীক্ষার্থীদের সাফল্য কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠানে দায়িত্ব পালনে অবহেলা করা

ঘ. এইচএসসি প্রস্তুতিমূলক চূড়ান্ত পরীক্ষা ২০২১ এর অর্থনীতি দ্বিতীয় পত্রের প্রশ্নপত্রে ভুল করা

ঙ. ল্যাপটপ ক্রয়ের জন্য প্রতিষ্ঠান থেকে মুনাফাবিহীন লোন উত্তোলন করেও স্থানীয় একটি বিক্রয় কেন্দ্র থেকে কিস্তিতে ল্যাপটপ ক্রয় করা এবং কিস্তি পরিশোধে অনিয়ম করে প্রতিষ্ঠানের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করা

চ. ২০২২ সালের শিক্ষা সফরে শিক্ষার্থীদের প্রশাসনিক সিদ্ধান্তের বিরুদ্ধে উসকানি প্রদান করা

ছ. এইচএসসি ২০২১ এ অর্থনীতি বিষয়ে প্রতিশ্রুত ফলের অর্ধেকও অর্জন করতে সক্ষম না হওয়া

উপর্যুক্ত অভিযোগসমূহের ভিত্তিতে কেনো তাকে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না তা ৩(তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর জানাতে অনুরোধ করা হলো। অন্যথায় একতরফা সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(এস এম মিজানুর রহমান)

বিএসএস, বিএড, এমএড
প্রশাসনিক কর্মকর্তা

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অধ্যক্ষ, ইকবাল সিদ্দিকী কলেজ
- ২। প্রধান শিক্ষক, ইকবাল সিদ্দিকী স্কুল অ্যান্ড কলেজ/ কচি-কাঁচা একাডেমি/ নয়নপুর এন এস আদর্শ বিদ্যালয়
- ৩। হিসাব কর্মকর্তা, ইকবাল সিদ্দিকী কলেজ
- ৪। জনাব মো. আশরাফুল আলম, প্রভাষক (আইডি ২০১৯২২৮)
- ৫। অফিস কপি
- ৬। প্রতিষ্ঠানের ওয়েবসাইট